



ঢাকা বিশ্ববিদ্যালয়

নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের নিম্নলিখিত ০১টি শূন্য স্থায়ী সহকারী অধ্যাপক পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দফতর হতে প্রাপ্তব্য নির্ধারিত আবেদন ফরমে বাংলাদেশের নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বেতন স্কেল : টাকা : ৩৫,৫০০-৬৭,০১০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫)।

যোগ্যতা : প্রার্থীকে অবশ্যই মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রথম বিভাগ অথবা জিপিএ এর ক্ষেত্রে স্কেল ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ থাকতে হবে। স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় প্রথম শ্রেণী অথবা সিজিপিএ এর ক্ষেত্রে স্কেল ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। প্রার্থীকে কোন বিশ্ববিদ্যালয়ে ০৩ (তিন) বৎসর শিক্ষাদানের অভিজ্ঞতাসহ স্বীকৃতমানের জার্নালে ০৩ (তিন)টি প্রকাশিত গবেষণামূলক নিবন্ধ থাকতে হবে। Predatory জার্নালে প্রকাশিত কোন প্রকাশনা গ্রহণ করা হবে না। শিক্ষক হিসাবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে শিক্ষার্থীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকাণ্ড পরিচালনায় বিশেষ অবদান যোগ্যতা হিসাবে গণ্য করা হবে। অন্যান্য যোগ্যতা সমান থাকলে পিএইচডি ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। প্রার্থীকে অবশ্যই ব্যাচেলর অব এডুকেশন (সম্মান) এবং শিক্ষা প্রশাসন/বিশেষ শিক্ষা (দৃষ্টি প্রতিবন্ধিতা)/শিক্ষাক্রম ও নির্দেশনা/ভাষা শিক্ষা (ইংরেজি) বিষয়ে মাস্টার অব এডুকেশন ডিগ্রি অথবা ইংরেজি বিষয়ে স্নাতক (সম্মান) ও ELT/TEFL/TESOL বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ইংরেজি বিষয়ে স্নাতক (সম্মান), স্নাতকোত্তর এবং ভাষা শিক্ষায় স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।

০৮ (আট) কপি দরখাস্তের সাথে সার্টিফিকেট, মার্কশিট, প্রশংসাপত্র এবং প্রয়োজনীয় ক্ষেত্রে অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করে রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (টাকা সাতশত পঞ্চাশ মাত্র) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ দরখাস্ত পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিকট ০১.১২.২০২১ তারিখের মধ্যে পৌঁছাতে হবে। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ইতোমধ্যে বিজ্ঞাপিত সহকারী অধ্যাপক পদে আবেদনকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

পিএফ-২৬০-১৫৯৫/২১ (৫'x৩)